



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
Website: www.pmeat.gov.bd
Email: hsp@pmeat.gov.bd



স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/০৮/১(৫১৭)

তারিখ: ১০.০১.২০২২ খ্রি.

বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্তির আবেদন নির্ভুলভাবে এন্ট্রি করার লক্ষ্যে ৬ষ্ঠ ও ১১শ শ্রেণির নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের নিকট হতে প্রয়োজনীয় তথ্যাদি অগ্রিম সংগ্রহকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের ৬ষ্ঠ শ্রেণি এবং ২০২১-২২ শিক্ষাবর্ষের ১১শ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রাপ্তির আবেদন প্রক্রিয়ার লক্ষ্যে প্রয়োজনীয় তথ্যাদি শিক্ষার্থী হতে অগ্রিম সংগ্রহ করা বিশেষ প্রয়োজন। চলতি বছরে ৬ষ্ঠ ও ১১শ শ্রেণির ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার অব্যবহিত পরেই HSP MIS এ উপবৃত্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীর তথ্য এন্ট্রির কার্যক্রম গ্রহণ করা হবে। উপবৃত্তির আওতায় আর্থিক সুবিধা প্রাপ্তির জন্য আবেদনকারী সকল শিক্ষার্থীর তথ্য যথাসময়ে নির্ভুল ভাবে HSP MIS এ এন্ট্রি করার প্রক্রিয়াটি সুষ্ঠু ও নির্বিঘ্ন করার জন্য উপবৃত্তির নির্ধারিত আবেদন ফরম অনুযায়ী নিম্নবর্ণিত প্রয়োজনীয় তথ্যাদি অগ্রিম সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP MIS এ এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থী প্রদত্ত তথ্যাদি HSP MIS এর মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হয়।


- শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা);
- পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- পূর্ববর্তী শ্রেণির/পরীক্ষার নাম, রেজি. নম্বর, ফলাফল ও পাশের সনদের ফটোকপি (প্রয়োজ্য ক্ষেত্রে);
- শিক্ষার্থীর অভিভাবকের (পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর (পিতা অভিভাবক হলে পিতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে, মাতা অভিভাবক হলে মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে)।

উল্লেখ্য যে, উপবৃত্তি প্রাপ্তির জন্য HSP MIS এ এন্ট্রিকৃত শিক্ষার্থী/অভিভাবকের মোবাইল ব্যাংকিং একাউন্ট বা ব্যাংক একাউন্ট নম্বর পরবর্তীতে পরিবর্তন করা যাবে না। একাউন্ট নম্বর পরিবর্তন করলে উপবৃত্তি প্রাপ্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

➤ প্রথমিক শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ভর্তিকৃত শিক্ষার্থীরা এ উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত হবে না।

সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানকে বিষয়টি অবহিত করবেন।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।


(শরীফ মোতজা মামুন)
ক্ষিম পরিচালক
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি


স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/০৮/৫১৭/১(১৪)

তারিখ: ১০.০১.২০২২ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ০৩। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৬। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
(দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)
- ০৮। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।
(মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতি/স্বীকৃতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(মাউশিঅ এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১২। সিস্টেম এনালিস্ট, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
(পিএমইএটি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সংরক্ষণ নথি।


29.02.2022
(শ.ম. সাইফুল আলম)
উপপরিচালক
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
ফোন: ০২-৫৫০০২০৭৬